যুগান্তর

09 APR 2008

# কাঠামোবদ্ধ প্রশ্নপত্রে নবম শ্রেণীর পরীক্ষা গ্রহণ নিয়ে কক্সবাজারে জটিলতা

কক্সবাজার প্রতিনিধি

কক্সবাজার জেলার ১৪২টি মাধ্যমিক বিদ্যালয়ে নবম শ্রেণীর ১ম সাময়িক পরীক্ষা নিয়ে বিপাকে পড়েছে বিদ্যালয়-কর্তৃপক্ষ। শিক্ষাবর্ষের ৩ মাস অতিক্রম হলেও নবসংযোজিত কাঠামোবদ্ধ প্রশ্ন দিয়ে আদৌ নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ করা যাবে কিনা এ নিয়ে সিদ্ধান্তহীনতায় ভুগছেন শিক্ষকরা। শিক্ষা মন্ত্রণালয় থেকে পরীক্ষা গ্রহণের কোন ধরনের নির্দেশনা না আসায় উপজেলা শহরের কতিপয় মাধ্যমিক বিদ্যালয়ে নবগঠিত কাঠামোবদ্ধ প্রশ্ন সম্পর্কে গ্রামের সাধারণ শিক্ষকরা বিস্তারিত কিছুই জানেন না। তাই গতানুগতিক ধারায় নবম শ্রেণীতে পাঠদান নিয়ে পক্ষে-বিপক্ষে আলোচনা চলছে শিক্ষকদের মধ্যে। সূত্র জানায়, চলতি মাসের ২০ তারিখের পর প্রথম সাময়িক পরীক্ষা শুরু হবে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে। কিন্তু শিক্ষার্থীরা এমনকি শিক্ষকরাও জানেন না, কোন পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। জেলা শিক্ষা অফিসও এ বিষয়ে সঠিক তথ্য জানাতে পারছে না। নবগঠিত কাঠামোবদ্ধ প্রশ্ন নিয়ে নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা হচ্ছে কিনা এ বিষয়ে কক্সবাজার সরকারি বালিকা বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মহাম্মদ বকশ জানান, এখনও কোন নির্দেশনা আসেনি। তবে কাঠামোবদ্ধ প্রশ্ন পদ্ধতিতে নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণ করার প্রস্তুতি রয়েছে। জেলা সদরের ৩টি বিদ্যালয়, রামু উপজেলার ২টি, চকরিয়া উপজেলায় ৪টি, মহেশখালীতে ২টি, কুতুবদিয়ায় ১টি, উখিয়ায় ১টি, টেকনাফে ১টিসহ মোট ১৪টি মাধ্যমিক বিদ্যালয় ছাড়া আর কোন বিদ্যালয়ে নতুন এ পদ্ধতিতে নবম শ্রেণীর প্রথম সাময়িক পরীক্ষা গ্রহণের উদ্যোগ নিতে পারছেন না শিক্ষকরা। বাকি ১২৮টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে এ পদ্ধতিতে পরীক্ষা গ্রহণে অনিশ্চয়তা দেখা দিয়েছে।